# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৪৭

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

## আরবী

وَعَن مُعَاذِ بنِ جَبَلٍ قَالَ: كُنْتُ رِدْفَ النَّبيِّ ﷺ عَلَى حِمَارٍ فَقَالَ يَا مُعَاذُ هَلْ تَدْرِي مَا حَقُّ الله عَلَى عِبَادِهِ ؟ وَمَا حَقُّ العِبَادِ عَلَى الله ؟ قُلْتُ : اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فإنَّ حَقّ اللهِ عَلَى العِبَادِ أنْ يَعْبُدُوهُ وَلاَ يُشْرِكُوا بِهِ شَيئاً وَحَقَّ العِبَادِ عَلَى اللهِ أنْ لاَ يُعَذّبَ مَنْ لا يُشْرِكُ بِهِ شَيئاً فقلتُ : يَا رَسُولَ الله أفَلا أُبَشِّرُ النَّاسَ ؟ قَالَ لاَ تُبَشِّرْهُمْ فَيَتَّكِلُوا مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৪৪৭) মুআয ইবনে জাবাল (রাঃ) বলেন, আমি গাধার উপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে সওয়ার ছিলাম। তিনি বললেন, হে মুআয! তুমি কি জানো, বান্দার উপর আল্লাহর হক কী এবং আল্লাহর উপর বান্দার হক কী? আমি বললাম, আল্লাহ ও তাঁর রসূলই অধিক জানেন। তিনি বললেন, বান্দার উপর আল্লাহর হক এই যে, সে তাঁরই ইবাদত করবে, এতে তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না। আর আল্লাহর উপর বান্দার হক এই যে, যে ব্যক্তি তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না, তিনি তাকে আযাব দেবেন না। অতঃপর আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি কি লোকেদেরকে (এ) সুসংবাদ দেব না? তিনি বললেন, তাদেরকে সুসংবাদ দিও না। কেননা, তারা (এরই উপর) ভরসা করে বসবে।

## ফুটনোট

(বুখারী ২৮৫৬, মুসলিম ১৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন